

এক নজরে নামাজ

নামাজের শিক্ষণীয় বিষয় ১১১টি

- ১। নামাজের ফরজ -----১৪টি।
 - ২। জানাজা নামাজের ফরজ ৩টি।
 - ৩। নামাজের ওয়াজিব ----১৪টি।
 - ৪। নামাজের বিশেষ সুন্নাত ২৪টি।
 - ৫। নামাজের মুস্তাহাব ----- ৫টি।
 - ৬। নামাজ ভঙ্গের কারণ ---২১টি।
 - ৭। নামাজের মাকরুহ -----৩০টি।
- মোট ১১১টি

নামাজের ফরজ বাহিরে ৭টি

- ১। শরীর পাক করা।
- ২। কাপড় পাক হওয়া।
- ৩। জায়গা পাক হওয়া।
- ৪। ছতর ঢাকা।
- ৫। দাঁড়ান।
- ৬। ক্বিবলামুখী হওয়া।
- ৭। ওয়াক্ত হওয়া।

নামাজের ফরজ ভিতরে ৭টি

- ১। নিয়্যাত করা।
- ২। তাহরীমার তাক্বীর বলা।
- ৩। ক্বিরাত পড়া।
- ৪। রুকু করা।
- ৫। সিজদাহু করা।
- ৬। শেষ বৈঠক করা।
- ৭। ইচ্ছা পূর্বক নামাজ শেষ করা।

জানাজার নামাজের ৩টি ফরজ

- ১। নিয়্যাত করা।
- ২। দাঁড়ান।
- ৩। চারবার আত্মহু আকবার বলা।

নামাজের ওয়াজিব ১৪টি

- ১। আল হামদু শরীফ পাঠ করা।
- ২। আল হামদু শরীফের পরে অন্য সূরা মিল করা।
- ৩। ফরজ নামাজের প্রথম দুই রাকাতে ক্বিরাত পড়া।
- ৪। রুকু হইতে সোজা হয়ে দাঁড়ান।
- ৫। সিজদাহু হতে সোজা হয়ে বসা।
- ৬। প্রথম বৈঠক করা।
- ৭। উভয় বৈঠকে তাশাহুহুদ পড়া।
- ৮। বিত্তিরে দু'য়া কুনুত পাঠ করা।
- ৯। ইমামের জন্য আন্তের জায়গায় আন্তে ও জোরের জায়গায় জোরে ক্বিরাত পড়া।
- ১০। মুস্তাদির জন্য ইমামের অনুসরণ করা।
- ১১। রোকনগুলি ধীরস্থিরভাবে আদায় করা।
- ১২। রোকনগুলি ধারাবাহিকভাবে আদায় করা।

- ১৩। ঈদের নামাজে অতিরিক্ত ছয় তাক্বীর বলা।
- ১৪। ছালাম ফিরান।

নামাজের বিশেষ সুন্নাত ২৪টি

দাঁড়ান অবস্থায় ৬টি সুন্নাত

- ১। হাতের আঙ্গুল স্বাভাবিকভাবে ক্বিবলা মুখ করে পুরুষের কান বরাবর, মেয়েদের কাঁধ বরাবর হাত উঠান।
- ২। পুরুষের নাজীর নিচে হাত বাঁধা, মেয়েদের সিনা বরাবর হাত রাখা।
- ৩। ছানা পড়া।
- ৪। আউযুবিলাহু শরীফ পাঠ করা।
- ৫। বিস্ মিলাহু শরীফ পাঠ করা।
- ৬। সূরা ফাতিহার শেষে আ-মী-ন বলা।

রুকুর মধ্যে ৬টি সুন্নাত

- ১। তাক্বীর বলে রুকুতে যাওয়া।
- ২। পুরুষের হাতের আঙ্গুল ফাঁক করে শক্তভাবে হাটু ধরা, মেয়েদের আঙ্গুল মিলিতভাবে হাটুর উপর হাত রাখা।
- ৩। সুব্ হানা রবিব ইয়াল আ-জী-ম পাঠ করা।
- ৪। উক্ত তাছবীহু ৩ বার পাঠ করা।
- ৫। সামি আলহু লিমান হামিদাহু বলে দাঁড়ান।
- ৬। রব্বানা লাকাল হামদু পাঠ করা।

সিজদার মধ্যে ৬টি সুন্নাত

- ১। তাক্বীর বলে সিজদায় যাওয়া।
- ২। কান বরাবর হাত রাখা।
- ৩। হাতের আঙ্গুল মিলিয়ে রাখা।
- ৪। সুব্ হানা রবিব ইয়াল আ'লা পাঠ করা।
- ৫। উক্ত তাছবীহু ৩ বার পাঠ করা।
- ৬। তাক্বীর বলে সিজদাহু হতে উঠা।

বসার মধ্যে ৬টি সুন্নাত

- ১। পুরুষের ডান পা খাড়া রাখা এবং বাম পায়ের উপর বসা।
- ২। মেয়েদের উভয় পা ডান দিকে বের করে বসা।
- ৩। পায়ের আঙ্গুলের রোখ ক্বিবলার দিকে রাখা।
- ৪। হাতের আঙ্গুল মিলিয়ে রাখা।
- ৫। দরুদ শরীফ পাঠ করা।
- ৬। দু'য়া মাছুরা পাঠ করা।

নামাজের মুস্তাহাব ৫টি

- ১। তাক্বীরে তাহরীমা বলার সময় পুরুষের হাতের তালু আন্তিন থেকে বের করা এবং মেয়েদের ওড়নার ভিতর রাখা।
- ২। দাঁড়ানো অবস্থায় সিজদার জায়গায়, রুকুর সময় পায়ের উপর, সিজদার সময় নাকের উপর, বৈঠকের সময় কোলের উপর ও সালামের সময় কাঁধের উপর নজর রাখা।

- ৩। রুকু ও সিজ্দায় ৩ বারের বেশী তাসবীহ পাঠ করা।
- ৪। কাশিকে সাধ্য অনুযায়ী রোধ করা।
- ৫। হাই উঠার সময় মুখ বন্ধ রাখা। যদি মুখ খুলে যায় তবে দাঁড়ানো অবস্থায় ডান হাতের পিঠ এবং অন্য সময় বাম হাতের পিঠ মুখের উপর রাখা।

নামাজ ভঙ্গের কারণ ২১টি

- ১। নামাজের ভিতর কথা বলা।
- ২। সালাম দেওয়া।
- ৩। সালামের জাওয়াব দেওয়া।
- ৪। হাঁচির জাওয়াব দেওয়া।
- ৫। বিনা কারণে উহু আহু শব্দ করা।
- ৬। বিনা কারণে কাশি দেওয়া।
- ৭। বিপদে বা বেদনায় শব্দ করে কাঁদা।
- ৮। নামাজে শব্দ করে হাসা।
- ৯। নামাজে পানাহার করা।
- ১০। নামাজে দুনিয়াবী কিছু চাওয়া।
- ১১। নাপাক জায়গায় সিজ্দাহ করা।
- ১২। নামাজে কুর-আন শরীফ দেখে পড়া।
- ১৩। নামাজে অশুদ্ধ তিলাওয়াত করা।
- ১৪। তাক্বীরে আল্লাহু আকবার শব্দের আলিফ অথবা বা হরফকে টেনে পড়া।
- ১৫। বাহিরের লোকের লুকমাহু গ্রহণ করা।
- ১৬। বাহিরের লোকের কথার উপর কোন কিছু বলা।
- ১৭। ক্বিবলার দিক হতে সিনা ফিরানো।
- ১৮। আমলে কাছির করা।
- ১৯। প্রতি রোকনে দুই বারের বেশী শরীর চুলকানো।
- ২০। তিন তাসবীহ পরিমাণ ছতর খুলে রাখা।
- ২১। ইমামের অঙ্গভাগে মুক্তাদি দাঁড়ানো।

নামাজের মাকরুহু ৩০টি

মাথায় ২টি

- ১। খালি মাথায় নামাজ পড়া।
- ২। মাথার উপর চুলের ঝুটি বাধা।

কপালে ২টি

- ১। পাগড়ীর পৈঁচের উপর সিজ্দাহ করা।
- ২। মাথার ইশারায় সালামের উত্তর দেওয়া।

চোখে ২টি

- ১। বিনা কারণে চক্ষুদ্বয় বন্ধ করে নামাজ পড়া।
- ২। ক্বিবলার দিক থেকে মুখ ফিরে দেখা।

মুখে ২টি

- ১। মুখের মধ্যে কোন কিছু রেখে নামাজ পড়া।
- ২। ইচ্ছে করে হাই তোলা।

সিনায় ২টি

- ১। শরীরের অঙ্গ মোচড়ানো।
- ২। এমনভাবে কাপড় বা চাদর জরায়ে নামাজ পড়া যাতে রুকু-সেজ্দার সময় সহজে হাত বের করা যায় না।

কমরে ২টি

- ১। দাঁড়িয়ে কোমরের উপর হাত রাখা।
- ২। পেশাব, পায়খানার বেগ চেপে রেখে নামাজ পড়া।

হাতে ৩টি

- ১। হাতের আঙ্গুল ফুটানো।
- ২। আয়াত অথবা তাসবীহকে আঙ্গুলের উপর গণনা করা।
- ৩। বিনা কারণে হাতের দ্বারা কোন কিছু সড়ানো।

বসায় ২টি

- ১। বিনা কারণে চার জানু হয়ে বসা।
- ২। কুকুরের মতো বসা অর্থাৎ রান খাড়া করে দুই হাত মাটিতে রেখে বসা।

দাঁড়ানোতে ২টি

- ১। কাহারো মুখের দিকে মুখ করে দাঁড়িয়ে নামাজ পড়া।
- ২। বিনা কারণে পিছনের কাতারে একা দাঁড়িয়ে নামাজ পড়া।

ইমামের ২টি

- ১। মুক্তাদি হতে একহাত উচু স্থানে ইমামের একা দাঁড়ানো।
- ২। ইমাম সাহেব সম্পূর্ণ মিহরাবের ভিতর দাঁড়ানো।

একা ২টি

- ১। সুন্নাতের বিপরীত নামাজ পড়া।
- ২। কনুই সমূহকে বিছিয়ে নামাজ পড়া।

কাপড়ে ৫টি

- ১। মাথা বা কাঁধের উপর চাঁদর অথবা রুমাল রেখে দুই কিনারা ঝুলিয়ে দেওয়া এবং জামা-জুব্বার হাতার মধ্যে হাত দেওয়া ছাড়া কাঁধের উপর রেখে দেওয়া।
- ২। ধুলা, মাটি থেকে হেফাজতের জন্য কাপড়কে সামাল করা।
- ৩। কাপড় নেড়ে খেলা করা।
- ৪। ভাল কাপড় থাকা সত্ত্বেও নিম্ন মানের কাপড় পড়ে নামাজ পড়া।
- ৫। কোন জীবের ছবিযুক্ত কাপড় পড়ে নামাজ পড়া।

স্থানে ২টি

- ১। যে স্থানে মাথার উপর, সামনে, ডানে, বামে এবং সিজ্দার জায়গায় ছবি থাকে সেখানে নামাজ পড়া।
- ২। যে স্থানে একাগ্রতা ভঙ্গ হওয়ার আশংকা রয়েছে সেখানে নামাজ পড়া।